গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সংস্থাপন শাখা
www.sunamganj.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | **১৪ জুলাই, ২০২৪খ্রি.** |
| সভার সময় | **সকাল ০৯:৩০ টা** |
| স্থান | জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন৷ অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর, ২০২৪) কার্যক্রমের অগ্রগতির বিভিন্ন সূচক নিয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নের নিমিত্তে স্থিরকৃত লক্ষ্যপূরণে সংশ্লিষ্ট শাখাসমূহের ভূমিকা সম্পর্কে আলোচনা হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অন্তরায়সমূহ ও সেগুলো উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শুদ্ধাচার বাস্তবায়নে ও দুর্নীতি প্রতিরোধের বিষয়ে আলোচনা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে প্রেরিত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার, ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হলো। ২০২৪-২০২৫ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা আগামী ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করে ওয়েবপোর্টালে প্রকাশিত করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর<br>সুনামগঞ্জ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ সফল বাস্তবায়নে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>সুনামগঞ্জ |
| | | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা আয়োজন করতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>সুনামগঞ্জ |
| | | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। | সহকারী কমিশনার<br>ফ্রন্টডেস্ক শাখা |
| | | কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর<br>সুনামগঞ্জ |
| | | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/নেজারত ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার (সকল), সুনামগঞ্জ। |

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭-০৭-২০২৪
মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী
জেলা প্রশাসক
০২৯৯৬৬০০৯০০ (ফোন)
০২৯৯৬৬০০৯০৪ (ফ্যাক্স)
dcsunamganj@mopa.gov.bd

তারিখ: ২ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২১.২০.৫৫৯

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ এবং
৪। বিভাগীয় কমিশনার, সিলেট।

১৭-০৭-২০২৪
মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী
জেলা প্রশাসক